কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্রধান কার্যালয়:১৩৭/এ সিডিএ এভিনিউ, ষোলশহর, চট্টগ্রাম।

"জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

সূত্র নং-২৮.১৫.০০০০.২০৫.২৬.০০১.২০-৫৮

তারিখঃ ২৯.০৭.২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল)-এর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সরাসরি জনবল নিয়োগের মাধ্যমে পূরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাদি পূরণ সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online-এ দরখাস্ত আহবান করা যাচ্ছে ঃ

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল ও গ্রেড (বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী ব্যবস্থাপক (সাধারণ) | ১৫ (পনের) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তরসমেত সম্মানে ২য় শ্রেণী অথবা ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| ২. | সহকারী ব্যবস্থাপক (আইন) | ০৪ (চার) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তরসমেত সম্মানে ২য় শ্রেণী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| ৩. | সহকারী ব্যবস্থাপক (লাইব্রেরী) | ০১ (এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী ব্যবস্থাপনা বিষয়ে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তরসমেত সম্মানে ২য় শ্রেণী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী। |
| ৪. | সহকারী ব্যবস্থাপক (অর্থ ও হিসাব) | ১৬ (ষোল) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে ১ম শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীতে স্নাতকোত্তরসমেত সম্মানে ২য় শ্রেণী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী/ সিএ অথবা আইসিএমএ (ইন্টারমিডিয়েট)/ এমবিএ। |
| ৫. | সহকারী প্রকৌশলী (পুর) | ০৭ (সাত) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৬. | সহকারী প্রকৌশলী (তড়িৎ) | ০৬ (ছয়) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৭. | সহকারী প্রকৌশলী (যন্ত্র) | ১১ (এগার) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৮. | সহকারী প্রকৌশলী (কেমিক্যাল) | ০৪ (চার) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ৯. | সহকারী প্রকৌশলী (মেটালার্জিক্যাল) | ০১ (এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১০. | সহকারী প্রকৌশলী (কম্পিউটার) | ০৩ (তিন) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১১. | সহকারী প্রকৌশলী (টেলিকমিউনিকেশন) | ০৩ (তিন) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১২. | সহকারী প্রকৌশলী (জিআইএস) | ০২ (দুই) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |

https://freejobalert4u.com

চলমান পাতা-২

**Head Office:** 137/A, CDA Avenue, Sholashahar, Chittagong.
● Tel: 031-655974-7, 031-656089, 031-655797, 031-655798 ● Fax: 088-031-656075

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১৩. | সহকারী প্রকৌশলী (হার্ডওয়্যার) | ০১ (এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১৪. | সহকারী প্রোগ্রামার | ০৫ (পাঁচ) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা ৫ বছরের অভিজ্ঞতা-সমেত যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ১৫. | সহকারী ব্যবস্থাপক (মেডিকেল অফিসার) | ০১ (এক) | ২২,০০০-৫৩,০৬০/- গ্রেড-৯ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে এমবিবিএস ডিগ্রী। |
| ১৬. | সহকারী কর্মকর্তা (সাধারণ) | ১২ (বার) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর অথবা ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত স্নাতক ডিগ্রী। |
| ১৭. | সহকারী কর্মকর্তা (আইন) | ০১ (এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা প্রশাসনিক ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ১৮. | সহকারী কর্মকর্তা (ইমাম) | ০১ (এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/বোর্ড হতে কামিল/সমমানের ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত ফাযিল/সমমানের ডিগ্রী। |
| ১৯. | সহকারী কর্মকর্তা (লাইব্রেরী) | ০১ (এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতাসমেত লাইব্রেরী ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক ডিগ্রী। |
| ২০. | সহকারী কর্মকর্তা (অর্থ ও হিসাব) | ০৪ (চার) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বছরের অভিজ্ঞতাসমেত বি.কম/সমমান ডিগ্রী। |
| ২১. | সহকারী কর্মকর্তা (নিরীক্ষা) | ০১ (এক) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকোত্তর অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রী অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বছরের অভিজ্ঞতাসমেত বি.কম/সমমান ডিগ্রী। |
| ২২. | উপ-সহকারী প্রকৌশলী (পুর) | ০৫ (পাঁচ) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২৩. | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ) | ০৩ (তিন) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২৪. | উপ-সহকারী প্রকৌশলী (যন্ত্র) | ০৩ (তিন) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২৫. | উপ-সহকারী প্রকৌশলী (অটোমোবাইল) | ০২ (দুই) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী (পাওয়ার) | ০২ (দুই) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |
| ২৭. | উপ-সহকারী প্রকৌশলী (কম্পিউটার/আইটি) | ০৩ (তিন) | ১৬,০০০-৩৮,৬৪০/- গ্রেড-১০ | যে কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং। |

https://freejobalert4u.com

চলমান পাতা-৩

১. আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী ঃ

https://freejobalert4u.com

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক প্রার্থী http://kgdcl.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা কেজিডিসিএল-এর Web Address https://www.kgdcl.gov.bd হতে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬.০৮.২০২০ সকাল ১০:০০ টা

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫.০৯.২০২০ বিকাল ৫:০০ টা

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৩০০/- টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। **বিশেষভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: KGDCL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example:** ***KGDCL ABCDEF***

Reply: **Applicant's Name, Tk-300/- will be charged as application fee. Your PIN is 12345678.** To pay fee Type **KGDCL<Space>Yes<Space>PIN and send to 16222.**

দ্বিতীয় SMS: KGDCL<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: ***KGDCL YES 12345678***

Reply: **Congratulations Applicant's Name, payment completed successfully for KGDCL Application for <Post Name> User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).**

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://kgdcl.teletalk.com.bd অথবা KGDCL এর Website: http://kgdcl.gov.bd তে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যম (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু Teletalk Pre-paid Mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে KGDCL<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: ***KGDCL HELP USER ABCDEF*** & Send to 16222
PIN Number জানা থাকলে: KGDCL<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
Example: ***KGDCL HELP PIN 12345678*** & Send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যে কোনো টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

২। সকল পদের ক্ষেত্রে যে কোন শিক্ষাগত যোগ্যতার পরীক্ষায় অর্জিত ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য নয়।

চলমান পাতা-৪

২৭/৭/২০

৩। সাধারণ প্রার্থীদের বয়স ০৬.০৮.২০২০ তারিখে ২১ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/শারীরিক প্রতিবন্ধী/মেডিকেল অফিসার প্রার্থীর ক্ষেত্রে বর্ণিত তারিখে আবেদনকারী প্রার্থীর বয়স ২১-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদ-এ উল্লেখিত জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য হবে। বয়স সংক্রান্ত কোন এফিডেভিট (Affidavit) গ্রহণযোগ্য হবে না।

৪। সহকারী ব্যবস্থাপক (মেডিকেল অফিসার) পদের ক্ষেত্রে প্রার্থী-কে অবশ্যই বিএমডিসি-এর সনদপ্রাপ্ত হতে হবে।

৫। আবেদন ফরম সঠিকভাবে পূরণ ও বিজ্ঞাপনে বর্ণিত শর্তাদি প্রতিপালন করা হলে সংশ্লিষ্ট প্রার্থীগণ লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহবান করা হবে। প্রার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকালে নির্ধারিত আবেদন ফরমে প্রার্থীর উল্লেখিত তথ্য প্রমাণের জন্য আবশ্যিকভাবে নিম্নলিখিত কাগজপত্র/সার্টিফিকেট সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা গ্রহণকারী কমিটি/কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে এবং এক সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে ঃ-

https://freejobalert4u.com

(ক) অভিজ্ঞতার ক্ষেত্রে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অভিজ্ঞতা প্রযোজ্য হবে। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সকল মূল সার্টিফিকেট প্রদর্শন করতে হবে এবং সকল সনদের সত্যায়িত কপি (এক সেট)।

(খ) সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সার্টিফিকেট।

(গ) ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট। সহকারী ব্যবস্থাপক (মেডিকেল অফিসার) পদের ক্ষেত্রে প্রার্থী-কে বিএমডিসি হতে প্রাপ্ত সনদ প্রদর্শন করতে হবে।

(ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্র (প্রার্থী কর্তৃক চাকরির আবেদন ফরমে যে তথ্য প্রদান করা হবে)-এর মূল কপি প্রদর্শন এবং সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) সকল সার্টিফিকেট/রেকর্ড পত্র সরকারি /স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

(চ) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশী বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalent Certificate) মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

(ছ) সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় অনলাইনে আবেদনের তারিখে বা তার পূর্বের তারিখে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে গৃহীত অনুমতি পত্র দাখিল করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি-বিধান ও কোটা নীতি এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। অসম্পূর্ণ/ভূল তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। সম্পূর্ণরূপে যোগ্যতা ও মেধার ভিত্তিতে স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। যে কোন প্রকার তদবির/ব্যক্তিগত যোগাযোগ/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৯। কোন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করলে তাঁর সকল আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

১০। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত এবং বিদ্যমান নিয়মানুযায়ী আবেদনপত্র যাচাই-বাছাইয়ে গ্রহণযোগ্য প্রার্থীদের প্রাথমিক নির্বাচনের লক্ষ্যে স্ব-স্ব ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতাসহ নিয়মানুযায়ী অন্যান্য বিষয়ের উপর লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। পরবর্তীতে শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের যোগ্যতা যাচাইয়ের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১২। কোন প্রার্থী প্রকৃত তথ্য গোপন করে চাকুরী গ্রহণ করলে তাঁর নিয়োগ বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত সনদই কেবল মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যার ক্ষেত্রে প্রযোজ্য হবে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সংক্রান্ত সনদ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

২৭/৭/২০২০

মহাব্যবস্থাপক (প্রশাসন)